মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল

জে.এস.সি পরীক্ষা-২০১৭

বিষয় : বাংলাদেশ ও বিশ্ব পরিচয় — **কোড: 150**

সম্মানিত পরীক্ষকবৃন্দ অনুগ্রহপূর্বক নির্দেশিকাসমূহ সতর্কতার সঙ্গে অনুসরণ করবেন।

সাধারণ নির্দেশিকা

১।বরিশাল বোর্ড কর্তৃক প্রদত্ত পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলি যথাযথভাবে মেনে চলা জরুরী।

২।প্রতিটি সৃজনশীল প্রশ্নের উত্তরে ক, খ, গ এবং ঘ অংশের প্রাপ্ত নম্বর উত্তর লেখা যেখানে শুরু হয়েছে তার বাম পার্শ্বেই লাল কালি দ্বারা ইংরেজি সংখ্যায় প্রদান করতে হবে। এরপর একটি প্রশ্নের চার অংশের যোগফল ঐ প্রশ্নের শুরুতে যোগ (1+2+3+4=10)করে দেখাতে হবে।

৩। নম্বর প্রদানের ক্ষেত্রে সংশোধনের প্রয়োজন হলে একটানে কেটে সংক্ষিপ্ত স্বাক্ষরসহ পুনরায় তা পরিষ্কার করে লিখতে হবে।

৪।কভার পৃষ্ঠার দ্বিতীয় অংশে বৃত্ত ভরাট অবশ্যই সুন্দরভাবে কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা করতে হবে এবং অতিরিক্ত উত্তর না থাকলে কভার পৃষ্ঠার নির্ধারিত স্থানে শূণ্য (০০) লিখে অবশ্যই ভরাট করতে হবে। কোন অবস্থাতেই কভার পৃষ্ঠার সর্বডানে প্রধান পরীক্ষকের জন্য নির্ধারিত পরিবর্তিত নম্বরের ঘরে কোন নম্বর লেখা বা বৃত্ত ভরাট করা যাবে না।

৫।বৃত্ত পূরণে ভুল হলে ভুল বৃত্তটি কাটাকাটি/ ঘষামাজা/ফ্লুইড ব্যবহার করা যাবে না।

৬। কভারপৃষ্ঠার ৩য় অংশে কালো কালি দিয়ে প্রতিটি প্রশ্নের প্রাপ্ত নম্বর তুলতে হবে। কভার পৃষ্ঠা ও নম্বর ফর্দে নম্বর তোলার সময় বামে চাপিয়ে লিখতে হবে যাতে সংশোধনের জন্য প্রয়োজনীয় জায়গা থাকে।

৭।উত্তরপত্রের অব্যবহৃত পৃষ্ঠা লাল কালি দ্বারা কেটে (×) দিতে হবে।

৮। নম্বর প্রদানের ক্ষেত্রে প্রান্তিক মান পরিহার করতে হবে। অর্থাৎ ৩০.৩৯.৪৯.৫৯.৬৯.৭৯ রাখা যাবে না।

নির্দিষ্ট করলে সেক্ষেত্রে তার ভিত্তিতেই প্রশ্নটি মূল্যায়ন করতে হবে।

সৃজনশীল উত্তরত্র মূল্যায়ন বিষয়ক নির্দেশিকা

- 'ক' উত্তরের জন্য একটি বা দুটি শব্দ কিংবা একটি বা দুটি বাক্য পূর্ণ নম্বর পাওয়ার জন্য যথেষ্ট।
- 'খ' উত্তরের জ্ঞানের অংশ হলে 1 এবং তা ব্যাখ্যা করলে পূর্ণ 2 নম্বর পাবে।
- 'গ' উত্তরের জ্ঞানের অংশ হলে 1 এবং তা ব্যাখ্যা করলে আরও 1 এবং উদ্দীপকের সাথে মিল করতে পারলেই আরও 1 অর্থ্যাৎ পূর্ণ 3 নম্বর পাবে।
- 'ঘ' উত্তরের জ্ঞানের অংশ হলে 1 এবং তা ব্যাখ্যা করলে আরও 1 এবং উদ্দীপকের সাথে মিল করতে পারলেই আরও 1 এবং বিশ্লেষণ /মতামত /সিদ্ধান্ত দিতে পারলে 1 অর্থ্যাৎ পূর্ণ 4 নম্বর পাবে।
- কোন শিক্ষার্থী যদি দক্ষতার সবগুলো স্তরই স্বল্প পরিসরে ব্যাখ্যা করতে পারে তাহলেও সে পূর্ণ নম্বর পাবে। এক্ষেত্রে উত্তর কত পৃষ্ঠা হলো বা কে বড় লিখল সেটা বিবেচ্য বিষয় নয়।
- কোন শিক্ষার্থী যদি সঠিক উত্তরের অতিরিক্ত কথা লিখে বা অপ্রাসঙ্গিক কোন তথ্যও দেয় তাহলে কোন নম্বর কাটা যাবে না।
- উত্তরের ধারাবাহিকতা বজায় না থাকলেও যথাযথ নম্বর পাবে।
- দক্ষতার প্রত্যেক স্তরের জন্য পৃথক পৃথক প্যারা দিতে হবে এমন কোন কথা নেই। এক প্যারাতেই যদি দক্ষতায় সবগুলো স্তর ব্যাখ্যা করতে পারে তাহলেও পূর্ণ নম্বর পাবে। প্যারা করে লিখলেও পূর্ণ নম্বর পাবে।
- কোন ক্রমেই ভগ্নাংশ নম্বর (½, 1½, 2½, 3½)দেয়া যাবে না।
- একটি প্রশ্নের বিভিন্ন অংশ ধারাবাহিক ভাবে না লিখে বিক্ষিপ্তভাবে লিখলে কোন নম্বর কাটা যাবে না। প্রশ্নের নম্বর না লিখলে কিংবা কয়েক পৃষ্ঠা ফাঁকা রেখে শেষের পৃষ্ঠায় লিখলেও কোন নম্বর কাটা যাবে না।
- উত্তর লেখার ক্ষেত্রে শিক্ষার্থী ভেদে শব্দচয়ন , বাক্য গঠনও উপস্থাপন কৌশল ভিন্ন হওয়া স্বাভাবিক। সেটা বিবেচনায় রেখে ইতিবাচক দৃষ্টিকোণ থেকে উত্তরপত্র মূল্যায়ন করতে হবে।

মূল্যায়নকৃত উত্তরপত্র প্রধান পরীক্ষকের নিকট পৌছানোর শেষ তারিখ: ০৭.১২.১৭

প্রধান পরীক্ষকবৃন্দের কভারপৃষ্ঠার দ্বিতীয়অংশ ও অন্যান্য কাগজপত্র জমা দেয়ার শেষ তারিখ ১২.১২.১৭

প্রধান পরীক্ষকবৃন্দ: ১। গৌতম সরকার
২।
৩।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড বরিশাল।
জে.এস.সি পরীক্ষা-২০১৭
বিষয় : বাংলাদেশ ও বিশ্ব পরিচয় কোড :১৫০
সৃজনশীল উত্তরমালা ও নম্বর প্রদান নির্দেশিকা

১. (ক) অন্যকোন দেশের উপর দখলদারের আধিপত্য তথা উপনিবেশ প্রতিষ্ঠা করা শাসনকে ঔপনিবেশিক শাসন বলে। এটা লিখলেই ১ পাবে।

(খ) ইউরোপের যুদ্ধরত বিভিন্ন দলের মধ্যে শান্তি প্রতিষ্ঠার জন্য ওয়েস্টফালিয়ার চুক্তি করা হয়েছিল । এটা লিখলে ১ পাবে । ব্যাখ্যা করতে পারলে আরও ১ পাবে অর্থাৎ মোট ২ পবে।

(গ) নিকট আত্মীয়দের ষড়যন্ত্রকে নির্দেশ করেছে। এটা লিখলেই ১ পাবে। সিরাজউদ্দৌলার বড়খালা ঘষেঠি বেগম,নিকঠ আত্মীয় মীর জাফর, মীর কাসিম এর ষড়যন্ত্র ব্যাখ্যা করলে ১ এবং উদ্দীপকের সাথে মিলিয়ে ব্যাখ্যা করতে পারলে আরও ১ পাবে অর্থাৎ পূর্ণ নম্বর ৩ পাবে।

(ঘ) ইস্ট ইন্ডিয়া কোম্পানি বা ইংরেজদের শাসন লিখলেই ১ পাবে। নবাবের মৃত্যুর পর মীরজাফরকে নবাব বানানো, ক্লাইভের দেওয়ানি লাভ, দ্বৈতশাসন ইত্যাদি লিখলেই আরও ১ এবং উদ্দীপকের সাথে মিলকরে বিশ্লেষণ করলেই ২ পাবে অর্থাৎ পূর্ণ ৪ নম্বর পাবে।

২. (ক) Gross National Product.এটা লিখলে ১ পাবে।

(খ) কোন নির্দিষ্ঠ সময়ে একটি দেশের মোট জাতীয় আয় বা মোট অভ্যন্তরীণ উৎপাদনের সমষ্টিকে মোট জনসংখ্যা দ্বারা ভাগ করলে মাথাপিছু আয় পাওয়া যায়। এটা লিখলে ১ ব্যাখ্যা করলে আরও ১ পাবে অর্থাৎ মোট ২ পাবে।

(গ) শিক্ষা এবং শ্রম ও কর্মসংস্থান লিখলেই ১ পাবে। ব্যাখ্যা করতে পারলে আরও ১ পাবে এবং উদ্দীপকের সাথে মিলাতে পারলে আরও ১ অর্থাৎ পূর্ণ নম্বর ৩ পাবে।

(ঘ) প্রবাসী আয় বা রেমিটেন্স লিখলেই ১ পাবে। ব্যাখ্যা করতে পারলেই আরও ১ পাবে। উদ্দীপকের সাথে সমন্বয় করে বিশ্লেষণ করলে আরও ২ পাবে।অর্থাৎ মোট ৪ পাবে।

৩. (ক) মানুষ বেঁচে থাকার জন্য নানা ধরণের যেসব কাজ করে তাকে অর্থনৈতিক কাজ বলে। এটা লিখলে ১ পাবে।

(খ) প্রকৃতির মধ্যে সব রকমের জীব যে নিয়মে বেঁচে থাকে তাকে জীববৈচিত্র্য বলে। এটা লিখতে পারলে ১ পাবে।ব্যাখ্যা করতে পারলে আরও ১ পাবে। অর্থাৎ মোট ২ পাবে।

(গ) পোশাক শিল্প লিখলে ১ পাবে। ব্যাখ্যা করতে পারলে আরও ১ পাবে। উদ্দীপকের সাথে মিলিয়ে ব্যাখ্যা করলে আরও ১ পাবে। অর্থাৎ পূর্ণ নম্বর ৩ পাবে।

(ঘ) A- পোশাক শিল্প এবং B-ঔষধ শিল্প লিখতে পারলে ১ পাবে। এই দুটো শিল্পের ব্যাখ্যা করলে -১ পাবে এবং বাংলাদেশেরে আর্থ- সামাজিক উন্নয়নে A ও B শিল্পের অবদান ব্যাখ্যা করতে পারলে ২ অর্থাৎ পূর্ণ নম্বর ৪ পাবে।

৪. (ক) কার্জন হল। এটা লিখলে ১ পাবে।

(খ) পুরাকীর্তি গুলো থেকে পাওয়া প্রত্ন নিদর্শন গুলো যেখানে সংরক্ষণ ও প্রদর্শন করা হয় তাকে জাদুঘর বলে। এটা লিখতে পারলে ১ পাবে। ব্যাখ্যা করলে আরও ১ অর্থাৎ পূর্ণ ২ নম্বর পাবে।

(গ) আহসান মঞ্জিল লিখলেই ১ পাবে। ঢাকা শহরের আরও কিছু প্রত্ন নিদর্শন ব্যাখ্যা করলে আরও ১ এবং উদ্দীপকের সাথে মিলিয়ে ব্যাখ্যা করতে পারলে আরও ১ অর্থাৎ পূর্ণ নম্বর ৩ পাবে।

(ঘ) বাহাদুরশাহ পার্ক লিখলে ১ পাবে। এর ব্যাখ্যা করতে পারলে আরও ১ এবং উদ্দীপকের সাথে সমন্বয় করে বিশ্লেষণ করলে ২ অর্থাৎ পূর্ণ ৪ নম্বর পাবে।

৫. (ক) The Unitied Nations Development Programme. এটা লিখলে ১ নম্বর পাবে।

(খ) উন্নয়নশীল দেশগুলোকে তাদের জনসংখ্যা সংক্রান্ত সমস্যা সমাধানে প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রধান হচ্ছে UNFPA এর প্রধান লক্ষ্য। এটা লিখলেই ১ পাবে। ব্যাখ্যা করতে পারলে আরও ১ অর্থাৎ মোট ২ পাবে।

(গ) ইউনিসেফ বা ইউনেসস্কো লিখলেই ১ পাবে। কাজ ব্যাখ্যা করতে পারলে আরও ১ অর্থাৎ পূর্ণ ৩ পাবে।

(ঘ) বিশ্ব খাদ্য সংস্থা (FAO) লিখলে ১ পাবে।ব্যাখ্যা করতে পারলে আরও ১ পাবে। হ্যাঁ লিখে বাংলাদেশে এই সংস্থার কাজগুলো উদ্দীপকের সাথে সমন্বয় করে যুক্তিদিয়ে বিশ্লষণ করলে ২ নম্বর অর্থাৎ পূর্ণ ৪ নম্বর পাবে।

৬. (ক) পঞ্চায়েত সিস্টেম লিখলেই ১ পাবে।

(খ) ক্ষুদ্র-নৃগোষ্ঠী রাখাইন সম্প্রদায় এবং মারমা সম্প্রদায় চৈত্র-সংক্রান্তিতে যে উৎসব পালন করে তাকে সাংগ্রাই উৎসব বলে। এটা লিখলেই ১ পাবে। ব্যাখ্যা করলে আরও ১ অর্থাৎ পূর্ণ ২ নম্বর পাবে। (যে কোন একটি সম্প্রদায় লিখলেও নম্বর পাবে)

(গ) চাকমা লিখলে ১ পাবে। চাকমাদের সামাজিক জীবন ব্যাখ্যা করতে পারলে আরও ১ এবং উদ্দীপকের সাথে মিলিয়ে ব্যাখ্যা করতে পারলে আরও ১ অর্থাৎ পূর্ণ ৩ নম্বর পাবে।

(ঘ) 'C' স্থানে রাখাইন সম্প্রদায় এবং 'B' স্থানে সাঁওতাল সম্প্রদায় লিখলে ১ পাবে। এই দুই সম্প্রদায়ের গুরুত্বপূর্ণ বিষয়গুলো লিখলে আরও ১ পাবে। রাখাইন ও সাঁওতাল সম্প্রদায়ের সাংস্কৃতিক জীবনের পার্থক্য ব্যাখ্যা করতে পারলে ২ অর্থাৎ পূর্ণ ৪ নম্বর পাবে।

৭. (ক) ১২৩৭ জন। এটা লিখলে ১ পাবে।

(খ) যে নীতির দ্বারা একটি দেশের জনসংখ্যা বিষয়ে জাতীয় পর্যায়ে পরিকল্পনা গ্রহণ করার জন্য যে নির্দেশনা দেওয়া হয় তাকে জনসংখ্যা নীতি বলে। এটা লিখলে ১ পাবে। ব্যাখ্যা করলে আরও ১ অর্থাৎ পূর্ণ ২ নম্বর পাবে।

(গ) সরকারী উদ্যোগ লিখলে ১ পাবে। ব্যাখ্যা করলে আরও ১ পাবে। উদ্দীপকের সাথে মিলিয়ে ব্যাখ্যা করলে আরও ১ অর্থাৎ পূর্ণ ৩ নম্বর পাবে।

(ঘ) না লিখলে ১ পাবে। 'A' উদ্যোগটি হলো বেসরকারী উদ্যোগ। ব্যাখ্যা করলে আরও ১ পাবে। উদ্দীপকের সাথে সমন্বয় করে 'A' উদ্যোগটি জনসংখ্যা নিয়ন্ত্রণের একমাত্র উদ্যোগ নয় যুক্তি দিয়ে তা ব্যাখ্যা করলে আরও ২ অর্থাৎ পূর্ণ ৪ নম্বর পাবে।

৮. (ক) নিয়মতান্ত্রিক রাজতন্ত্র। এটা লিখলেই ১ পাবে।

(খ) অর্থনৈতিক ক্ষেত্রে সমতা আনার মাধ্যমে সবার জন্য সমান সুযোগ-সুবিধা নিশ্চিত করাই হলো সমাজতন্ত্রের মূল লক্ষ্য। এটা লিখলেই ১ পাবে। ব্যাখ্যা করলে আরও ১ অর্থাৎ পূর্ণ ২ নম্বর পাবে।

(গ) আইন বিভাগ লিখলেই ১ পাবে। ব্যাখ্যা করলে আরও ১ পাবে। উদ্দীপকের সাথে মিলিয়ে আইন বিভাগের গঠন ব্যাখ্যা করলে আরও ১ অর্থাৎ পূর্ণ ৩ নম্বর পাবে।

(ঘ) বিচার বিভাগ লিখলেই ১ পাবে। ব্যাখ্যা করলে আরও ১ পাবে। উদ্দীপকের সাথে সমন্বয় করে বিচার বিভাগের গুরুত্ব বিশ্লেষণ করলে আরও ২ অর্থাৎ পূর্ণ ৪ নম্বর পাবে।

৯. (ক) ৭ থেকে ১৮ বছর। এটা লিখলে ১ পাবে।

(খ) চলচ্চিত্র,টিভি চ্যানেল,ইন্টারনেট প্রভৃতির মাধ্যমে এক দেশের সংস্কৃতি সহজেই অন্য দেশের সংস্কৃতি ও জীবন ধারণের উপর যে খারাপ প্রভাব ফেলে তাকে অপসংস্কৃতি বলে। এটা লিখলে ১ পাবে। ব্যাখ্যা করতে পারলে আরও ১ অর্থাৎ পূর্ণ ২ নম্বর পাবে।

(গ) কিশোর অপরাধ লিখলে ১ পাবে। কেন এটা কিশোর অপরাধ তা ব্যাখ্যা করলে আরও ১ পাবে। উদ্দীপকের সাথে মিলিয়ে ব্যাখ্যা করলে আরও ১ অর্থাৎ পূর্ণ ৩ নম্বর পাবে।

(ঘ) মাদকাসক্তি লিখলে ১ পাবে। এর প্রতিরোধ বিষয়ে ব্যাখ্যা করলে আরও ১ পাবে। উদ্দীপকের সাথে সমন্বয় করে প্রতিরোধই অধিক কার্যকর সে বিষয়ে যুক্তিসহ ব্যাখ্যা করলে ২ অর্থাৎ পূর্ণ ৪ নম্বর পাবে।

১০. (ক) 'ক্র্যাক প্লাটুন'। এটা লিখলে ১ পাবে।

(খ) পাকিস্তানি সেনারা ১৯৭১ সালের ২৫ এ মার্চ রাতে তৎকালীন পূর্ব পাকিস্তানে যে গণহত্যার অভিযান চালিয়েছিল তার নাম দিয়েছিল অপারেশন সার্চলাইট – এটা লিখলে ১ পাবে। ব্যাখ্যা করলে আরও ১ অর্থাৎ পূর্ণ ২ নম্বর পাবে।

(গ) অনিয়মিত বাহিনী লিখলে ১ পাবে। ব্যাখ্যা করলে আরও ১ এবং উদ্দীপকের সাথে মিলিয়ে ব্যাখ্যা করলে আরও ১ অর্থাৎ পূর্ণ ৩ নম্বর পাবে।

(ঘ) ভারতের ভূমিকাকে ইঙ্গিত বা বুঝানো হয়েছে এটা লিখলে ১ পাবে। মুক্তিযুদ্ধে বিদেশি সহযোগিতার বিষয়টি ব্যাখ্যা করলে আরও ১ পাবে। উদ্দীপকের সাথে সমন্বয় করে মুক্তিযুদ্ধে ভারতের ভূমিকা বিশ্লেষণ করলে ২ অর্থাৎ পূর্ণ ৪ নম্বর পাবে।

১১. (ক) তাপমাত্রা বৃদ্ধি কারক। এটা লিখলে ১ পাবে।

(খ) মানুষের অসচেতনতা বা দূরদৃষ্টির অভাবে যে দুর্যোগ সৃষ্টি হয় তাকে মানবসৃষ্ট দুর্যোগ বলে। এটা লিখলে ১ পাবে এবং উদাহরণসহ ব্যাখ্যা করলে আরও ১ অর্থাৎ পূর্ণ ২ নম্বর পাবে।

(গ) 'ক' দুর্যোগটি ভূমিধস লিখলে ১ পাবে। যুক্তি দিয়ে ব্যাখ্যা করলে আরও ১ এবং উদ্দীপকের সাথে মিলিয়ে ভূমিধস দুর্যোগটি ব্যাখ্যা করলে আরও ১ অর্থাৎ পূর্ণ ৩ নম্বর পাবে।

(ঘ) 'খ' দুর্যোগটি ভূমিকম্প লিখলে ১ পাবে। ভূমিকম্প কি ধরনের দুর্যোগ তা লিখে ব্যাখ্যা করলে আরও ১ পাবে। হ্যাঁ লিখে উদ্দীপকের সাথে সমন্বয় করে ভূমিকম্পের আগের প্রস্তুতি যুক্তিসহ ব্যাখ্যা করলে ২ অর্থাৎ পূর্ণ ৪ নম্বর পাবে।

প্রধান পরীক্ষকবৃন্দ

১। গৌতম সরকার

২।

৩।

৪।

৫।

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

www.barisalboard .gov.bd

জে. এস. সি পরীক্ষা-২০১৭

বহুনির্বাচনী অভীক্ষার উত্তরমালা

বিষয় ও পত্র ঃ বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয় কোড ঃ ১৫০

পূর্ণমান ঃ ৩০

ক্রমিক নং	সঠিক উত্তর	ক্রমিক নং	সঠিক উত্তর	ক্রমিক নং	সঠিক উত্তর
১	খ	১১	ঘ	২১	খ
২	গ	১২	ঘ	২২	গ
৩	ঘ	১৩	খ	২৩	খ
৪	গ	১৪	ক	২৪	ঘ
৫	ক	১৫	গ	২৫	খ
৬	ক	১৬	ক	২৬	গ
৭	ক/ঘ	১৭	ক	২৭	ক
৮	ঘ	১৮	গ	২৮	গ
৯	খ	১৯	গ	২৯	ক
১০	ঘ	২০	ক	৩০	ঘ

প্রধান পরীক্ষকবৃন্দ

১। গৌতম সরকার

২। [signature]

৩। [signature]

৪।

৫।